

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৯৯

আগরতলা, ২১ জুন, ২০২৪

মানব জীবনের সামগ্রিক বিকাশে যোগাসনের  
গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : রাজ্যপাল



মানব জীবনের সামগ্রিক বিকাশে যোগাসনের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।  
শরীর ও মন সুস্থ রাখার জন্য প্রত্যেকেরই নিয়মিত যোগাভ্যাস করা উচিত।  
আজ সন্ধ্যায় মুক্তধারা অডিটোরিয়ামে প্রজাপিতা ব্রহ্মকুমারী ইশ্বরীয় বিশ্ববিদ্যালয়  
আয়োজিত দশম আন্তর্জাতিক যোগা দিবস অনুষ্ঠানের সূচনা করে রাজ্যপাল  
ইন্দ্রসেনা রেডিও নাল্লু একথা বলেন। তিনি সমাজে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার  
ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখার জন্য প্রজাপিতা ব্রহ্মকুমারী ইশ্বরীয় বিশ্ববিদ্যালয়  
কর্তৃপক্ষের প্রশংসা করেন। অনুষ্ঠানে রাজ্যপাল বসে আঁকো প্রতিযোগিতার  
বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বি কে  
মমতা বেহেন। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন বি কে মণিকা বেহেন। অনুষ্ঠানে  
আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, পশ্চিম ত্রিপুরা জেলার  
জেলাশাসক ও সমাহৰ্তা ডা. বিশাল কুমার অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*